দৈনিক সংবাদ

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 25 MAY 1989
পৃষ্ঠা 4 কলাম 7

045

## এম, বি,বি, এস পরীক্ষা প্রসংগে

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে চারটি মেডিক্যাল কলেজের শেষ বর্ষের অধিকাংশ ছাত্রছাত্রী দাবী তুলেছিল তাদের ফাইনাল পরীক্ষা সেপ্টেম্বরে পিছানোর জন্য। কিন্তু কর্তৃপক্ষ পুলিশী হস্তক্ষেপের আশ্রয়ে তাদের দাবী উপেক্ষা করে পূর্ব নির্ধারিত ১৬ই মে থেকে পরীক্ষা অনুষ্ঠিত হবে বলে ঘোষণা করে। এই ঘোষণায় এবং পুলিশী হস্তক্ষেপের কারণে চারটি মেডিকেল কলেজের সব ছাত্রছাত্রী এমনকি যারা পরীক্ষা পিছানোর পক্ষে ছিল না তারাও পরীক্ষা পিছানোর পক্ষে ছাত্র-ছাত্রীদের সাথে একাত্মতা ঘোষণা করে। যার ফলশ্রুতিতে গত ১৩ই মে'র পরীক্ষায় চারটি মেডিকেল কলেজের কোন নিয়মিত ছাত্রছাত্রী অংশ গ্রহণ করেনি। কর্তৃপক্ষের পরীক্ষা অনুষ্ঠানের চ্যালেঞ্জ পুরো ব্যর্থ হয়েছে।

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অধীনে রাজশাহী এবং রংপুর দুটি মেডিকেল কলেজ। কিন্তু ঐ মেডিকেল কলেজ দু'টিতে বছরের তিনটি নির্দিষ্ট জানুয়ারী, মে ও সেপ্টেম্বরের পরীক্ষা যে কোন মাসে অনুষ্ঠিত হয়। কিন্তু ঢাকা বিশ্ববিদ্যালয়াধীনের মেডিকেল কলেজগুলিতে জানুয়ারী, মে ও সেপ্টেম্বরের পরীক্ষা তিনটি কোন ক্রমেই অন্য মাসে নেয়া হয় না।

কিন্তু আমাদের বক্তব্য একই দেশের মেডিকেল ফ্যাকালটিগুলোতে ভিন্ন ভিন্ন নিয়ম থাকে কিভাবে? ঢাকা বিশ্ববিদ্যালয়ের মেডিকেল ফ্যাকালটির নিয়মকানুন কি বাইবেল যে সেটা কোন মতেই ভঙ্গ করা যায় না?

আমরা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই—আপনারা দেশের সব কটি মেডিকেল ফ্যাকালটিতে একই নিয়ম চালু করুন। নতুবা ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে শেষ বর্ষ এম, বি,বি,এস এম পরীক্ষা আগামী জুলাই মাসের দিকে যাতে অনুষ্ঠিত হয় সেই ব্যবস্থা নিন।

কর্তৃপক্ষের অবগতির জন্য বলছি বর্তমান শেষবর্ষ পরীক্ষার্থীদের থেকে তাদের পূর্ববর্তী ব্যাচের ফাঁক মাত্র চার মাস।

অতএব, সংশ্লিষ্ট সমস্যা এড়ানোর জন্য শেষ বর্ষ এম, বি, বি, এস পরীক্ষা জুলাই মাসে অনুষ্ঠানের ব্যবস্থা নিন।

জনৈক শেষবর্ষ পরীক্ষার্থী
শেরে বাংলা মেডিকেল কলেজ,
বরিশাল।